দৈনিক
ইত্তেফাক

22 OCT 2016
পৃঃ ৩ কলাম ৫

# মালয়েশিয়ায় উচ্চ শিক্ষা বিষয়ে মেলা শুরু

■ ইত্তেফাক রিপোর্ট

মালয়েশিয়ায় উচ্চ শিক্ষা নিয়ে তিনদিনব্যাপী শিক্ষা মেলা গতকাল শুক্রবার শুরু হয়েছে। রাজধানীর দ্য ডেইলি স্টার সেন্টারের চতুর্থ তলায় আয়োজিত এ মেলা প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত চলবে। গতকাল সকালে এ মেলার উদ্বোধন করেন বাংলাদেশ মালয়েশিয়া স্টাডি সেন্টারের চেয়ারম্যান আবদুর রহীম মুকুল।

মেলা কর্তৃপক্ষ জানিয়েছে, মেলায় মালয়েশিয়ার প্রথম সারির প্রায় ১৫ টি ইউনির্ভাসিটি ও কলেজ অংশ নিয়েছে। ঢাকাস্থ মালয়েশিয়া হাইকমিশন, বাংলাদেশ মালয়েশিয়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এতে সহায়তা করছে।

মেলার মিডিয়া উপদেষ্টা খলিলুর রহমান জানিয়েছেন, মেলায় মালয়েশিয়ার উচ্চ শিক্ষা সম্পর্কে বিস্তারিত তথ্য পাওয়া যাবে। মেলায় রয়েছে শিক্ষাবৃত্তি ও টিউশন ফির উপর বিশেষ ছাড়। তিনি বলেন, শিক্ষার্থীদের উদ্দেশ্য যদি হয় সাধ্যের ভেতর বিদেশে উচ্চ শিক্ষা, সেই ক্ষেত্রে পছন্দের দেশ হতে পারে মালয়েশিয়া। পর্যটন কেন্দ্রিক দেশ হওয়াতে এখানে রয়েছে প্রচুর কাজের সুযোগ। পড়াশুনা, থাকা খাওয়ার খরচও কম।

মেলায় সরাসরি ইউনির্ভাসিটির প্রতিনিধিদের সঙ্গে কথা বলার সুযোগ রয়েছে। মেলায় কোনো এন্ট্রি ফি ছাড়াই প্রবেশের সুযোগ রয়েছে। প্রথম দিনে গতকাল সাতশ' আগ্রহী শিক্ষার্থী মেলা পরিদর্শন এবং বিভিন্ন তথ্য সংগ্রহ করেন। মেলার মিডিয়া পার্টনার দৈনিক ইত্তেফাক।